

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ১. ১২. বৈত-শেমশ গ্রামের নিহতদের সংখ্যা

শামুয়েল নবীর ১ম পুস্তকের ৪-৬ অধ্যায়ে বনি-ইসরাইলদের নিয়ম-সিন্দুক বা শরীয়ত-সিন্দুক ফিলিন্তিনিদের হস্তগত হওয়া ও তা পুনরুদ্ধারের ঘটনা বর্ণিত হয়েছে। সিন্দুকটা ফেরত আনার সময়ে বৈৎ-শেমশ গ্রামের বাসিন্দারা মাঠে গম কাটছিল। তাঁরা চোখ তুলে সিন্দুকটা দেখতে পান এবং আনন্দিত হন। এজন্য ঈশ্বর তাদেরকে শান্তি প্রদান করেন: "ঐ সময়ে বৈৎ-শেমশ নিবাসীরা তলভূমিতে গোম কাটিতেছিল; তাহারা চক্ষু তুলিয়া সিন্দুকটা দেখিল, দেখিয়া আহ্লাদিত হইল। ... পরে তিনি বৈৎ-শেমশের লোকদের মধ্যে কাহাকে কাহাকে আঘাত করিলেন, কারণ তাহারা সদাপ্রভুর সিন্দুকে দৃষ্টিপাত করিয়াছিল, ফলত তিনি লোকদের মধ্যে সত্তর জনকে এবং পঞ্চাশ সহস্র জনকে আঘাত করিলেন (he smote of the people fifty thousand and threescore and ten men)।" (১ শামুয়েল ৬/১৩ ও ১৯)

বাইবেল-২০০০ ও মো.-০৬: "বৈৎ-শেমশের কিছু লোক সদাপ্রভুর/ মাবুদের সিন্দুকের ভিতরে চেয়ে দেখেছিল বলে সদাপ্রভু/ মাবুদ তাদের মেরে ফেললেন। তিনি তখন সেখানকার পঞ্চাশ হাজার সত্তর জনকে মেরে ফেলেছিলেন।

এ কথাটা নিঃসন্দেহে ভুল। ছোট্ট একটা গ্রামে এত পরিমাণ মানুষ বাস করা, এত অধিক সংখ্যক মানুষ একত্রে মাঠে গম কাটায় রত থাকা অথবা উটের পিঠে রাখা একটা ছোট্ট সিন্দুকের মধ্যে এত মানুষের একসাথে দৃষ্টিপাত করা কোনোটাই সম্ভব নয়।

সম্ভবত এ সুস্পষ্ট ভুল গোপন করার জন্যই বাইবেলের কোনো কোনো সংস্করণে ৫০,০৭০ জনের পরিবর্তে ৭০ জন বলা হয়েছে। জুবিলী বাইবেল: "তিনি পঞ্চাশ হাজার লোকের মধ্যে সত্তরজনকে আঘাত করলেন।" কিতাবুল মোকাদ্দস-২০১৩: "ফলত তিনি পঞ্চাশ হাজার লোকের মধ্যে সত্তর জনকে আঘাত করে মেরে ফেললেন।"

## ৪. ১. ১২. বৈত-শেমশ গ্রামের নিহতদের সংখ্যা

শামুয়েল নবীর ১ম পুস্তকের ৪-৬ অধ্যায়ে বনি-ইসরাইলদের নিয়ম-সিন্দুক বা শরীয়ত-সিন্দুক ফিলিন্ডিনিদের হস্তগত হওয়া ও তা পুনরুদ্ধারের ঘটনা বর্ণিত হয়েছে। সিন্দুকটা ফেরত আনার সময়ে বৈৎ-শেমশ গ্রামের বাসিন্দারা মাঠে গম কাটছিল। তাঁরা চোখ তুলে সিন্দুকটা দেখতে পান এবং আনন্দিত হন। এজন্য ঈশ্বর তাদেরকে শান্তি প্রদান করেন: "ঐ সময়ে বৈৎ-শেমশ নিবাসীরা তলভূমিতে গোম কাটিতেছিল; তাহারা চক্ষু তুলিয়া সিন্দুকটা দেখিল, দেখিয়া আহ্লাদিত হইল। ... পরে তিনি বৈৎ-শেমশের লোকদের মধ্যে কাহাকে কাহাকে আঘাত করিলেন, কারণ তাহারা সদাপ্রভুর সিন্দুকে দৃষ্টিপাত করিয়াছিল, ফলত তিনি লোকদের মধ্যে সত্তর জনকে এবং পঞ্চাশ সহস্র জনকে আঘাত করিলেন (he smote of the people fifty thousand and threescore and ten men)।" (১ শামুয়েল ৬/১৩ ও ১৯)

বাইবেল-২০০০ ও মো.-০৬: ''বৈৎ-শেমশের কিছু লোক সদাপ্রভুর/ মাবুদের সিন্দুকের ভিতরে চেয়ে দেখেছিল



বলে সদাপ্রভু/ মাবুদ তাদের মেরে ফেললেন। তিনি তখন সেখানকার পঞ্চাশ হাজার সত্তর জনকে মেরে ফেলেছিলেন।

এ কথাটা নিঃসন্দেহে ভুল। ছোট্ট একটা গ্রামে এত পরিমাণ মানুষ বাস করা, এত অধিক সংখ্যক মানুষ একত্রে মাঠে গম কাটায় রত থাকা অথবা উটের পিঠে রাখা একটা ছোট্ট সিন্দুকের মধ্যে এত মানুষের একসাথে দৃষ্টিপাত করা কোনোটাই সম্ভব নয়।

সম্ভবত এ সুস্পষ্ট ভুল গোপন করার জন্যই বাইবেলের কোনো কোনো সংস্করণে ৫০,০৭০ জনের পরিবর্তে ৭০ জন বলা হয়েছে। জুবিলী বাইবেল: "তিনি পঞ্চাশ হাজার লোকের মধ্যে সত্তরজনকে আঘাত করলেন।" কিতাবুল মোকাদ্দস-২০১৩: "ফলত তিনি পঞ্চাশ হাজার লোকের মধ্যে সত্তর জনকে আঘাত করে মেরে ফেললেন।"

Source — https://www.hadithbd.com/books/link/?id=14152

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন